

## ব্যাংকিং প্রিবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৭

১৮ সেপ্টেম্বর, ২০০৭

তারিখঃ -----

০৩ আশ্বিন, ১৪১৪

চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ/প্রধান নির্বাহী কর্মকর্তা,  
বাংলাদেশের সকল বেসরকারী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

### ব্যাংক-কোম্পানীতে পরামর্শক ইত্যাদি নিয়োগ প্রসঙ্গে ।

বেসরকারী ব্যাংকের পরিচালনা পর্ষদ ও প্রধান নির্বাহীর দায়-দায়িত্ব ও জবাবদিহিতা সম্পর্কিত বিধি-নিয়ে বিষয়ক বিআরপিডি সার্কুলার নং-১৬ তারিখঃ ২৪ জুলাই ২০০৩ এর মাধ্যমে, অন্যান্যের মধ্যে, চাকুরীবিধি প্রণয়ন ও তা অনুসরণের জন্য ব্যাংকসমূহকে পরামর্শ দেয়া হয়েছে। সম্প্রতি পরিলক্ষিত হয়েছে যে, ব্যাংকের চাকুরীবিধিতে উল্লেখিত চাকুরীকাঠামোর বাইরে পরামর্শক ইত্যাদি নামে অনেক ক্ষেত্রে নিয়মিত কর্মকর্তাদের অনুরূপ বেতন-ভাত্তাদি দিয়ে চুক্তি-ভিত্তিক নিয়োগ দেয়া হচ্ছে। পরামর্শক, যে নামেই অভিহিত হউক না কেন, নিয়োগ দানের ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালা অনুসরণের জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা দেয়া হলোঃ-

- ১) সাধারণভাবে ট্যাঙ্ক, আইন ও মামলা, প্রকৌশল ও কারিগরী, তথ্যপ্রযুক্তি ইত্যাদি বিশেষায়িত প্রকৃতির কাজের জন্য ব্যাংকের পরিচালনা পর্ষদের পুর্বানুমোদনক্রমে সর্বোচ্চ দুই বছরের জন্য পরামর্শক নিয়োগ করা যাবে। যে সব কাজ ব্যাংকের নিয়মিত কর্মকর্তাদের মাধ্যমে করানো সম্ভব, সে সব কাজে পরামর্শক নিয়োগ যতদুর সম্ভব পরিহার করতে হবে।
- ২) পরামর্শকের কার্যপরিধি সুনির্দিষ্ট হতে হবে। কার্যপরিধির বাইরে কোন কাজে তিনি সম্পৃক্ত হতে পারবেন না এবং ব্যাংকের পরিচালনা বিষয়ে তিনি কোন প্রকার ক্ষমতা প্রয়োগ করতে কিংবা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সম্পৃক্ত হতে পারবেন না।
- ৩) মাসিক কিংবা এককালীন থোক পারিশ্রমিক ব্যতিরেকে পরামর্শকের অনুকূলে অন্য কোন সুযোগ-সুবিধা প্রদান করা যাবে না।
- ৪) সুশাসন নিশ্চিতকল্পে ব্যাংকের পরিচালনা পর্ষদের কোন প্রাক্তন চেয়ারম্যান/পরিচালক, প্রধান নির্বাহী বা উপদেষ্টাকে একই ব্যাংকে পরামর্শক হিসেবে নিয়োগ দেয়া যাবে না।
- ৫) পরামর্শক নিয়োগ দান করার পর অনতিবিলম্বে সংশ্লিষ্ট ব্যাংক পরামর্শকের জীবনবৃত্তান্ত এবং কার্যপরিধি বাংলাদেশ ব্যাংকের কাছে প্রেরণ করবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার আওতায় এই নীতিমালা জারী করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(নব গোপাল বনিক)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯১১৭৮২৫